100

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUN 2 4 1999

পৃঃ ৮ কলাম ৪

# বুয়েট কবে খুলবে?

বুয়েট রিপোর্টার ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কবে খুলবে? এ প্রশ্নের উত্তর বুয়েটের উপাচার্য, শিক্ষক সমিতির সভাপতি কেউই দিতে পারছেন না। এ মাসের শেষ সপ্তাহে বুয়েট খোলার কথা শোনা গেলেও বুয়েট খুলছে না তা মোটামুটি নিশ্চিত। তবে এ মাসের মধ্যে বুয়েট খোলার তারিখ ঘোষণা হতে পারে বলে

(শেষ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

(প্রথম পাতার পর)

## বুয়েট কবে

বুয়েটের বিভিন্ন সূত্র জানিয়েছে। উল্লেখ্য, ক্লাস টেস্টে প্রক্সি দেয়ার দায়ে বহিষ্কৃত বুয়েটের এক ছাত্রের বহিষ্কারাদেশ বুয়েট কর্তৃপক্ষ প্রত্যাহার না করায় উচ্ছৃঙ্খল ছাত্ররা গত ২৫ ও ২৬ এপ্রিল রাতে বুয়েট ক্যাম্পাসে ব্যাপক ভাংচুর করার পর বুয়েট কর্তৃপক্ষ ২৭ এপ্রিল থেকে অনির্দিষ্টকালের জন্য বুয়েট বন্ধ ঘোষণা করে। এরপর থেকে বুয়েটের একাডেমিক কার্যক্রম পুরো অচল হয়ে আছে। গতকাল ছিল এ অচলাবস্থার ৫৭তম দিন।

বুয়েটের উপাচার্য ডঃ নূরুদ্দীন আহমেদ বুয়েট খোলার ব্যাপারে বলেছেন, আমরা চেষ্টা করছি যত তাড়াতাড়ি খোলা যায়। তবে সবকিছুই নির্ভর করছে বোর্ড অব ডিসিপ্লিন এ্যান্ড রেসিডেন্সের সিদ্ধান্তের ওপর। তিনি বলেন, বুয়েটের সন্ত্রাসী ঘটনার সাথে জড়িত অপরাধীদের ব্যাপারে বোর্ড অব ডিসিপ্লিন এ্যান্ড রেসিডেন্ট সিদ্ধান্ত গ্রহণ করবে। তারপরই বুয়েট খোলার ব্যাপারে সিদ্ধান্ত হবে।

জানা গেছে, গত ২৫ ও ২৬ এপ্রিলের সন্ত্রাসী ঘটনার তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে বুয়েটের বোর্ড অব ডিসিপ্লিন এ্যান্ড রেসিডেন্স প্রায় ৪০ ছাত্রকে কারণ দর্শাও নোটিস জারি করেছিল। ইতোমধ্যে সেসব ছাত্র বোর্ডের কাছে সাক্ষাতকারও দিয়েছে। এখন শুধু বাকি সিদ্ধান্তের। বুয়েট শিক্ষক সমিতির সভাপতি ডঃ হোসেন আলী বলেছেন, কবে বুয়েট খুলবে সেটা কর্তৃপক্ষের ব্যাপার। তবে বুয়েট খোলার আগে অবশ্যই শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে হবে এবং শিক্ষক-ছাত্র-কর্মচারীদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। অপরাধীদের শাস্তি দেয়ার আগেই যদি বুয়েট খুলে দেয়া হয় তাহলে আপনারা কাজে যোগ দেবেন কিনা জানতে চাইলে ডঃ হোসেন আলী বলেন, সেটা সমিতির সাধারণ সভায় সিদ্ধান্ত নেয়া হবে। কারণ, শিক্ষক সমিতির সদস্যরা কি করবেন সে ব্যাপারে আমি একা সিদ্ধান্ত নিতে পারি না।

এদিকে বুয়েটের সর্বদলীয় ছাত্র ঐক্য কর্তৃপক্ষের গঠিত তদন্ত কমিটির রিপোর্ট বাতিলের দাবি জানিয়েছে। ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ বলেছেন, তদন্ত হয়েছে একতরফা। এখানে শুধুমাত্র ছাত্রদেরই দায়ী করা হয়েছে। বুয়েটের সন্ত্রাসী ঘটনায় শিক্ষকদের একটি মহল জড়িত বলে নেতৃবৃন্দ সবসময়ই অভিযোগ করেছেন। নেতৃবৃন্দ বলেছেন, শিক্ষকদের বিরুদ্ধে শিক্ষকরা তদন্ত করলে তা নিরপেক্ষ হবে না এ জন্য বিচার বিভাগীয় তদন্ত প্রয়োজন। এ ব্যাপারে দাবি জানিয়ে সর্বদলীয় ছাত্র ঐক্য বুয়েটের উপাচার্যকে স্মারকলিপি পেশ করেছে। আজ বৃহস্পতিবার বুয়েটের সর্বদলীয় ছাত্র ঐক্য এক সংবাদ সম্মেলনের মাধ্যমে বুয়েটের বর্তমান পরিস্থিতি আলোচনা করবে এবং পরবর্তী কর্মসূচী ঘোষণা করবে বলে জানা গেছে। সকাল ১১টায় বুয়েট ক্যাফেটেরিয়ায় এ সংবাদ সম্মেলন হওয়ার কথা।